

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট স্টেশন (আন্ডারগ্রাউন্ড) সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ এলিভেটেড এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে এলিভেটেড। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে আন্ডারগ্রাউন্ড নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের Feasibility Study, Environment Impact Assessment (EIA), Resettlement Action Plan (RAP), Geo Survey, Traffic Survey, Hydrology Survey, Basic Design, Utility Relocation Survey, Topographic Survey এবং Drone Survey of Depot and Alignment সম্পন্ন হয়েছে। উভয় রুটের এলাইনমেন্ট এবং স্টেশনসমূহের জরীপও সম্পন্ন হয়েছে। Detailed Design এর কাজ চলছে। ডিপোর Land Acquisition প্রক্রিয়াধীন আছে। MRT Line-1 এর রুট এলাইনমেন্ট সংলগ্ন পূর্বাচল নতুন শহর এলাকায় Transit Oriented Development (TOD) Hub ও Station Plaza নির্মাণের জন্য ভূমি অনুসন্ধান করা হচ্ছে। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) বা বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ মেয়াদে প্রায় ৫২ হাজার ৫৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ECNEC কর্তৃক অনুমোদিত হয়েছে।

MRT Line-1: বিমানবন্দর রুট

বিমানবন্দর রুটের এলাইনমেন্ট হল: বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩-খিলক্ষেত-যমুনা ফিউচার পার্ক-নতুন বাজার-উত্তর বাড্ডা-বাড্ডা-হাতিরঝিল পূর্ব-রামপুরা-মালিবাগ-রাজারবাগ-কমলাপুর।

MRT Line-1: পূর্বাচল রুট

পূর্বাচল রুটের এলাইনমেন্ট হল: কমলাপুর-রাজারবাগ-মালিবাগ-রামপুরা-হাতিরঝিল পূর্ব-বাড্ডা-উত্তর বাড্ডা-নতুন বাজার-যমুনা ফিউচার পার্ক-বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)-মান্ডুল-পূর্বাচল পশ্চিম-পূর্বাচল সেন্টার-পূর্বাচল পূর্ব-পূর্বাচল টার্মিনাল-পিতলগঞ্জ ডিপো।